

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

নম্বর: ৪৮.০০.০০০০.০০২(বা).০৪৬.০৩২.১৬-৪২২

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৪
২২ আগস্ট ২০১৭

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩ এর ৫.১ অনুচ্ছেদ স্পষ্টীকরণ।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও-এর ২ জুলাই ২০১৭ তারিখের ০৫.৫৫.৯৪৯৪.০০০.০০.০০০.১৭-৮২১ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩ এর ৫.১ অনুচ্ছেদে 'ভাতাভোগী মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করলে তার স্ত্রী/স্বামী মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্ত হবেন' মর্মে উল্লেখ রয়েছে। কিন্তু একাধিক স্ত্রী থাকলে ভাতার পরিমাণ কি হবে সে বিষয়ে নীতিমালায় কোন কিছু উল্লেখ করা হয়নি। তবে নীতিমালার ২০ নং অনুচ্ছেদে 'এ নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ভিত্তিতে নিষ্পত্তি করা যাবে'।

০২। বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩ এর ২০ নং অনুচ্ছেদের ক্ষমতাবলে ৫.১ অনুচ্ছেদে নিম্নবর্ণিত বিষয় 'ভাতাভোগী মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করলে তার স্ত্রী বা স্ত্রীগণ/স্বামী; "তবে একাধিক স্ত্রীর ক্ষেত্রে প্রত্যেক স্ত্রী মৃত মুক্তিযোদ্ধার প্রাপ্য নির্ধারিত ভাতা সমহারে পাবেন। একাধিক স্ত্রীর মধ্যে কোন স্ত্রী মৃত্যুবরণ করলে এবং সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার পিতা/মাতা জীবিত না থাকলে মৃত স্ত্রীর গর্ভে মৃত মুক্তিযোদ্ধার গুণশ্রী সন্তানগণ তাঁর প্রাপ্য অংশ সমহারে পাবেন। মৃত স্ত্রীর প্রাপ্য ভাতার অংশ জীবিত কোন স্ত্রী প্রাপ্য হবে না" অন্তর্ভুক্ত করা হলো।

০৩। এমতাবস্থায়, বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩ এর ৫.১ অনুচ্ছেদে অন্তর্ভুক্ত উল্লিখিত বিষয়ের আলোকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫০১৩৩

- ১। জেলা প্রশাসক (সকল),
জেলা:
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
উপজেলা:, জেলা:

অনুলিপি:

- ১। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা জন্য অনুরোধ করা হলো)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।